

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, সুফিয়ান থেকে উক্ত হাদীসটি মু'আবিয়া বিন হিশাম এককভাবে বর্ণনা করেছেন-তাদের ধারণা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ مُعَاوِيَةُ بْنُ هِشَامٍ عن سفيان

আরবী

1355 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا بِشِّرُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سُلَيْمَانَ عَنْ ثَابِت بْنِ عُبَيْدٍ عَنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ: عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّهَا ليست في يدك) فَنَاوَلْتُهُ. (نَاولِينِي الخُمرة) قَالَتْ: قَقُلْتُ: إِنِّي حَائِضٌ قَالَ: (إِنَّهَا ليست في يدك) فَنَاوَلْتُهُ. الراوي: عَائِشَة ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1355 ا خلاصة حكم المحدث: صحيح - قالَ المُحَدِّ عَنِ الْبَهِيِّ وَالْقَاسِمِ جَمِيعًا قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعَ هَذَا الْخَبَرَ الْأَعْمَشَ عَنْ ثَابِتِ بْنِ عُبَيْدٍ عَنِ الْبَهِيِّ وَالْقَاسِمِ جَمِيعًا عَنْ عَائِشَةَ.

বাংলা

১৩৫৫. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেন, "আমাকে জায়নামাযটি দাও।" আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, আমি বললাম, "আমি তো ঋতুবতী।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই তোমার হায়েয তোমার হাতে লেগে নেই।" অতঃপর আমি তাঁকে জায়নামায দেই।[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি আ'মাশ রহিমাহুল্লাহ সাবিত বিন উবাইদ, তিনি বাহী ও কাসিম থেকে, তারা দুইজনই আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেছেন।"

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ৬/১৭৩; আত তায়ালিসী: ১/৬২; আবূ আওয়ানা: ১/৩১৩; সুনান বাইহাকী: ১/১৮৬; দারেমী: ১/১৯৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৫৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন